দৈনিক বাংলা

তারিখ 4/1/83.
পৃষ্ঠা 1 : 6

001

# কবি কাদের নওয়াজের ইন্তেকাল

॥ স্টাফ রিপোর্টার ॥

কবি কাদের নেওয়াজ গতকাল (৩রা জানুয়ারী, ১৯৮৩), সকাল সাড়ে নটায় যশোর সদর হাসপাতালে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে....রাজেউন)। দীর্ঘদিন ধরে তিনি মূত্রাশয়ের পীড়ায় ভুগছিলেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৪ বছর।

চিকিৎসার জন্যে সোমবার দুপুরের ফ্লাইটে তাঁর যশোর থেকে ঢাকা আসার কথা ছিল।

রবীন্দ্র যুগের এই কবি ১৯০৯ সালে বর্ধমান জেলার মঙ্গলকোটে বিখ্যাত কাজী পরিবারে জন্মগ্রহণ করেন। কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে তিনি প্রথম বিভাগে বিএ পাস করেন এবং পরে আলিয়া মাদ্রাসায় শিক্ষকতার পেশা গ্রহণ করেন।

যশোরের নোয়াপাড়া থেকে আমা-

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ইন্তেকাল

(১ম পৃঃ পর)

দের নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, ৪৭ সালে দেশ বিভাগের পর তিনি যশোরের মাগুরা থানার মুরাদিয়া গ্রামে চলে আসেন। তিনি পরে তৎকালীন পূর্ব পাকিস্তান শিক্ষা বিভাগে যোগ দেন। দিনাজপুর জেলা স্কুলের প্রধান শিক্ষক থাকাকালীন সময়ে তিনি চাকরি থেকে অবসর গ্রহণ করেন।

তার বিখ্যাত কাব্যগ্রন্থ মরাল ও নীল কৌমুদী। দুটি পাখি দুটি তীরে ও উতলা সন্ধ্যা তাঁর বিখ্যাত উপন্যাস। কিশোর উপন্যাস দাদুর বৈঠকখানা। কবির অনেক রচনা ও কবিতা বসুমতী, ভারতী এবং বিচিত্রায় ছড়িয়ে আছে।

কবিতার জন্যে তিনি প্রেসিডেন্ট পুরস্কার, বাংলা একাডেমী পুরস্কার ও মাদার বক্স সাহিত্য পুরস্কার পান।

যশোর ঈদগাহ ময়দানে গতকাল দুপুরে তাঁর নামাজে জানাজা অনুষ্ঠিত হয়। তাঁকে তাঁর নিজ গ্রামে দাফন করা হয়েছে। মৃত্যুকালে তিনি পত্নী ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আমাদের নিজস্ব সংবাদদাতা আরো জানিয়েছেন গত ২০শে ডিসেম্বর তাকে প্রথম যশোর হাসপাতালে ভর্তি করা হয় কবির পারিবারিক সূত্রে অভিযোগ পাওয়া গেছে যে গত ৩০শে ডিসেম্বর গুরুতর অসুস্থ কবির জন্যে বিমানের টিকিট চাওয়া হলেও তা পাওয়া যায়নি। যখন পাওয়া গেছে তখন তিনি আর ইহজগতে নেই।